বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
ওয়েলফেয়ার শাখা
www.bgfcl.gov.bd

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.০৪২.১১.০০০১.২৬.৭৭

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩ / ০১ জুলাই ২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৬-২০২৭ অর্থবছরে কম্পিউটার ক্রয় ঋণ প্রদান।**

কোম্পানির "কম্পিউটার ক্রয়ের ঋণ নীতিমালা"-এর আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত শর্তে কম্পিউটার ক্রয় ঋণ সুবিধা গ্রহণে আগ্রহী কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে কোম্পানির নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছেঃ

০১। কোম্পানিতে নিরবচ্ছিন্নভাবে ৫ (পাঁচ) বছর চাকরিরত সকল নিয়মিত কর্মকর্তা ও কর্মচারীগণ কম্পিউটার ক্রয় ঋণের জন্য আবেদন করতে পারবেন।

০২। আবেদনকারী কর্মকর্তা ও কর্মচারীদের জ্যেষ্ঠতার ভিত্তিতে কোম্পানি কর্তৃক গঠিত কমিটির সুপারিশের আলোকে এ ঋণ মঞ্জুর করা হবে ।

০৩। কম্পিউটার (ভোল্টেজ ষ্ট্যাবিলাইজার ও প্রিন্টারসহ) ক্রয়ের জন্য একজন কর্মকর্তা/কর্মচারীকে ১২ (বারো) মাসের মূল বেতনের সমান অথবা সর্বোচ্চ ৬৫,০০০.০০ (পয়ষট্টি হাজার) টাকা অথবা কম্পিউটারের বাস্তব মূল্য, যা কম হবে তা কম্পিউটার ক্রয় ঋণ হিসেবে মঞ্জুর করা হবে।

০৪। প্রদত্ত ঋণ সুদসহ সর্বোচ্চ ৬০ (ষাট) মাসিক কিস্তিতে আদায় করা হবে। ঋণ উত্তোলনের পরবর্তী মাসের বেতন হতে নিয়মিতভাবে প্রদত্ত ঋণের কিস্তি সুদসহ কর্তন শুরু হবে ।

০৫। কম্পিউটার ঋণের উপর ১০% হারে সুদ প্রযোজ্য হবে। কিস্তি অনুযায়ী ঋণ পরিশোধে ব্যর্থ হলে ১১% হারে চক্রবৃদ্ধি সুদ আদায় করা হবে।

০৬। কোন কর্মকর্তা ও কর্মচারী এ ঋণের জন্য আবেদনের সময় পূর্বের অন্যান্য ঋণের (গৃহ নির্মাণ ঋণ/জমি ক্রয় ঋণ/ফ্ল্যাট ক্রয় ঋণ/প্রভিডেন্ট ফান্ড ঋণ/কো-অপারেটিভ সোসাইটির ঋণ/ওয়ার্কারস্ প্রফিট পার্টিসিপেশন এন্ড ওয়েলফেয়ার ফান্ড ঋণ/মোটর সাইকেল ক্রয় ঋণ ইত্যাদি) মাসিক কিস্তির টাকাসহ প্রার্থিত ঋণের মাসিক কিস্তির পরিমাণ তাঁর মোট বেতনের ৫০% এর বেশী হলে আবেদন বিবেচনা যোগ্য হবে না।

০৭। ঋণ মঞ্জুরী প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে নিজ খরচে অংগীকারনামা এবং সমপদমর্যাদা বা তদুর্ধ্ব পদমর্যাদা সম্পন্ন দুইজন ব্যক্তির ব্যক্তিগত সিউরিটি বন্ড প্রদান সাপেক্ষে উক্ত ঋণ প্রদান করা হবে।

০৮। মঞ্জুরীকৃত অর্থ গ্রহণের পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ কম্পিউটার ক্রয়ের প্রমাণস্বরূপ কাগজপত্র ওয়েলফেয়ার বিভাগে অবশ্যই দাখিল করবেন। নির্ধারিত সময়ের মধ্যে কম্পিউটার ক্রয় সংশ্লিষ্ট কাগজপত্র দাখিল করতে ব্যর্থ হলে অথবা কম্পিউটার ক্রয়ের জন্য মঞ্জুরীকৃত অর্থ কম্পিউটার ক্রয়ের পরিবর্তে অন্য কোন উদ্দেশ্যে ব্যয় করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী'র বিরুদ্ধে বিভাগীয়/আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। ঋণ গ্রহীতা কোম্পানির চাকরি হতে ইস্তফা দিলে বা কোম্পানি কর্তৃক চাকরিচ্যুত হলে ঋণের টাকার অনাদায়ী অংশ সুদসহ এককালীন ফেরত দিতে হবে। অন্যথায় সাধারণ ভবিষ্য তহবিলসহ লেনদেনের চূড়ান্ত নিষ্পত্তির সময় (ফাইনাল সেটেলমেন্ট) তা ঋণ গ্রহীতার পাওনা হতে আদায় করা হবে।

১০। কোন কর্মকর্তা ও কর্মচারী কম্পিউটার ক্রয় ঋণ গ্রহণের পরবর্তী ১০ (দশ) বছরের মধ্যে পুনরায় কম্পিউটার ক্রয় ঋণের জন্য আবেদন করতে পারবেন না। যে সকল কর্মকর্তা/কর্মচারী গত অর্থবছরে ঋণের জন্য আবেদন করেছেন কিছু আবেদন বিবেচিত হয়নি তাদেরকে পুনরায় আবেদন করতে হবে। কোন কর্মকর্তা ও কর্মচারী একই অর্থবছরে একাধিক ঋণ/ অগ্রিমের জন্য আবেদন করতে পারবেন না। একাধিক আবেদন করলে সকল আবেদনই বাতিল বলে গণ্য হবে।

১১। কোম্পানির নির্ধারিত ফরমে (কপি সংযুক্ত) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ৩১-০৭-২০২৬ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

১২। কোম্পানি কর্তৃপক্ষ যে কোন সময় কম্পিউটার ক্রয় ঋণ নীতিমালায় পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন বা স্থগিত ঘোষণা করতে পারবে।

১৩। আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীগণের জ্যেষ্ঠতার ভিত্তিতে ২০২৬-২০২৭ অর্থবছরের অনুমোদিত বাজেট বরাদ্দের মধ্যে ঋণ মঞ্জুরী সীমাবদ্ধ থাকবে। কোম্পানি কর্তৃক গঠিত এ সংক্রান্ত কমিটির সুপারিশের ভিত্তিতে ঋণ মঞ্জুর করা হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে কোম্পানি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**সংযুক্তিঃ**

(১) কম্পিউটার ক্রয় ঋণের আবেদন ফরম

সংযুক্তি: **১ প্রস্থ সংযুক্ত।**

০১-০৭-২০২৬
দীল আফরোজা
উপমহাব্যবস্থাপক (ওয়েলফেয়ার)

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব ), বিজিএফসিএল।
২। মহাব্যবস্থাপক(সকল), বিজিএফসিএল।
৩। সকল উপ-মহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/ ফিল্ড ইনচার্জ-অধীনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৪। ব্যবস্থাপক(সকল), বিজিএফসিএল।
৫। সকল উপব্যবস্থাপক/সহকারী ব্যবস্থাপক/সহকারী কর্মকর্তা, বিজিএফসিএল।।